গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
বাজেট অধিশাখা
www.mofl.gov.bd

নং-৩৩.০০.০০০০.১০৭.০৬.০০২.১৩-২১০

তারিখ: ২ আশ্বিন ১৪৩১ / ১৭ সেপ্টেম্বর ২০২৪

**বিষয়ঃ ০৯/০৯/২০২৪ তারিখে অনুষ্ঠিত অর্থনৈতিক মনিটরিং কমিটির ১ম সভার কার্যবিবরণী প্রেরণ।**

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (বাজেট ও নিরীক্ষা) মহোদয়ের সভাপতিত্বে ০৯/০৯/২০২৪ তারিখে অনুষ্ঠিত অর্থনৈতিক মনিটরিং কমিটির ১ম সভার কার্যবিবরণী পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে সভার কার্যবিবরণী।

১৭.০৯.২০২৪

মোহাম্মদ আহম্মেদ আলী
উপসচিব
ফোন নং-২২৩৩৮১০০৭
E-mail: ds_budget@mofl.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেইট, ঢাকা।
২. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৩. মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
৪. মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনিস্টিটিউট, সাভার, ঢাকা।
৫. যুগ্মসচিব (প্রশাসন-২ অধিশাখা), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমী, মৎস্য বন্দর, চট্টগ্রাম।
৭. উপসচিব (প্রশাসন-৪ শাখা), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. উপ-পরিচালক, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, বিএফডিসি ভবন, ২৩-২৪, কাওরান বাজার, তেজগাঁও, ঢাকা।
৯. সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. রেজিষ্ট্রার, বাংলাদেশ ভেটেরিনারী কাউন্সিল, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
১১. হিসাবরক্ষণ কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. সিস্টেম এনালিস্ট (আইসিটি), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা (কার্যবিবরনীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
১৩. অতিরিক্ত সচিব (বাজেট ও নিরীক্ষা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
১৪. অফিস কপি।

# মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের পরিচালন বাজেটের অর্থনৈতিক মনিটরিং কমিটির ১ম সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | নীলুফা আক্তার<br>অতিরিক্ত সচিব (বাজেট ও নিরীক্ষা)<br>মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |
| সভার স্থান | : | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৫১০ ও ৫১২, ভবন নং-৬) |
| তারিখ | : | ০৯/০৯/২০২৪ খ্রি. |
| সময় | : | সকাল ১১.০০ ঘটিকা |
| উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট-ক |

২। **আলোচনা:** সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি আজকের সভা আয়োজনের প্রেক্ষাপট বর্ণনা করতে গিয়ে বলেন যে, Medium Term Budget Framework (MTBF) পদ্ধতির আওতায় মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের বাজেট প্রণয়ন কার্যক্রম ২০০৬-০৭ অর্থবছর হতে শুরু হলেও সম্পূর্ণ MTBF পদ্ধতি পর্যায়ক্রমে বাস্তবায়িত হয়। MTBF নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন না করায় ২০০৮-১০ সময়ে 'এমটিবিএফ নির্দেশনা যথাযথভাবে পরিপালন না করায় মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের এমটিবিএফ এর প্রকৃত উদ্দেশ্য বাস্তবায়িত হয়নি' মর্মে একটি অডিট আপত্তি হয়, আপত্তির ধরণ Serious Financial irregularities (SFI)। অনেক পুরাতন অডিট আপত্তি হলেও তা অদ্যাবধি অনিস্পন্ন রয়েছে। সম্প্রতি সিএজি কার্যালয় পরিচালিত Audit Management and Monitoring System-2.0 (AMMS-2.0) সফটওয়ারে Audit Repository তে স্বাধীনতা উত্তর সময়ের সকল অনিস্পন্ন অডিট আপত্তির তালিকা ডিজিটাল ফরমেটে সংরক্ষণ করা হলে বিষয়টি নিস্পন্ন করার প্রয়োজনীয়তা দেখা দেয়।

২.১। সভায় আরো জানানো হয় যে, সরকারের রাজস্ব আয় ও ব্যয় (অনুন্নয়ন ও উন্নয়ন) এর ক্ষেত্রে যে সকল কৌশলগত উদ্দেশ্য/ লক্ষ্যমাত্রা নির্ধারিত থাকে তা নিরূপনের জন্য অর্থ বিভাগের নির্দেশনা এবং গত ২৮/০৬/২০০৯ তারিখে MTBF Ministry System Audit এর আলোকে অডিট অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী অনুন্নয়ন বাজেটের জন্য উপসচিব (প্রশাসন), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়কে আহ্বায়ক করে গত ২১/০৭/২০০৯ তারিখের অফিস আদেশের মাধ্যমে ৪ (চার) সদস্যের কমিটি গঠন করা হয়। কিন্তু এমটিবিএফ নীতিমালা অনুসরণে বাজেট প্রণয়ন, পরিবীক্ষণ এবং নিয়ন্ত্রণের লক্ষ্যে বাজেট ব্যবস্থাপনা কমিটি ও বাজেট ওয়ার্কিং গ্রুপ এর সভা নিয়মিত হলেও অর্থনৈতিক মনিটরিং কমিটির কোন সভা অদ্যাবধি অনুষ্ঠিত হয়নি। রাজস্ব আয় ও পরিচালন ব্যয় ব্যবস্থাপনা মনিটরিং এর লক্ষ্যে অর্থনৈতিকি মনিটরিং কমিটির সভা নিয়মিত হওয়া গুরুত্বপূর্ণ বিধায় বর্তমান প্রেক্ষাপটে অর্থনৈতিক মনিটরিং কমিটি পুর্নগঠন করা হয়েছে। AMMS-2.0 সফটওয়ারে সংরক্ষিত অডিট আপত্তির তালিকায় উল্লিখিত অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে নির্দেশনা বাস্তবায়ন করে অডিট অধিদপ্তরকে অবহিত করার জন্য অদ্যকার সভা আহ্বান করা হয়েছে।

২.২। মন্ত্রণালয়ের উপসচিব (বাজেট) সভাকে জানান যে, এমটিবিএফ এ উল্লিখিত মন্ত্রণালয়ের কৌশলগত উদ্দেশ্য ও লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম, কেপিআই এবং বরাদ্দকতৃ অর্থ ব্যয় এর অগ্রগতির তথ্য পর্যালোচনার পাশাপাশি সংস্থাসমূহের আর্থিক ব্যবস্থাপনা পদ্ধতি পর্যালোচনা করা প্রয়োজন। বর্তমানে লক্ষ্যমাত্রার সূচকসমূহ Annual Performance Agreement (APA)-তে উল্লেখ থাকে বিধায় সে অনুযায়ী বাস্তবায়ন করা হয়ে থাকে। সভাপতি বলেন, ২০০৬-০৭ অর্থবছর হতে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ে মধ্যমেয়াদী বাজেট কাঠামোর আওতায় বার্ষিক কর্মসূচী গ্রহণ করা হলেও Annual Performance Agreement (APA)-এর প্রতিফলন হয় ২০১৫ সনে। MTBF এর সাথে APA এবং Procurement Plan সমন্বয় করতে হবে।

২.৩। এমটিবিএফ এর প্রকৃত উদ্দেশ্য বাস্তবায়নের লক্ষ্যে পরিচালন বাজেট বাবদ বরাদ্দকৃত অর্থের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ, কাঙ্খিত লক্ষ্য অর্জন ও আর্থিক বিধি প্রতিপালনের জন্য সভায় উপস্থিত দপ্তর/সংস্থার প্রতিনিধিদের মতামত প্রদানের জন্য অনুরোধ করা হয়। উপস্থিত সকলেই আলোচনায় অংশ নেন এবং পাশাপাশি ২০২৪-২৫ অর্থবছরের প্রথম ০২ মাসের ব্যয়ের হিসাব উপস্থাপন করেন। ব্যয়ের হিসাব পর্যালোচনা করে দেখা যায়:

(লক্ষ টাকায়)

| দপ্তর/অধিদপ্তর/সংস্থার নাম | ২০২৪-২৫ অর্থবছর | | |
|---|---|---|---|
| | বাজেট | ব্যয় (আগস্ট ২০২৪ পর্যন্ত) | ব্যয়ের হার % |
| সচিবালয় | ৬০১৭৯.৩১ | ২০১২.৮৩ | ৩.৩৪ |
| মৎস্য অধিদপ্তর | ৩৯০১৪.৯৮ | ৫০০২.১৪ | ১২.৮২ |
| প্রাণিসম্পদ অধিদপ্তর | ৭৮৬৮০.০০ | ৮৮৭৩.২২ | ১১.২৮ |
| মেরিন ফিশারিজ একাডেমী | ১৬২৭.৭৫ | ১১০.১৭ | ৬.৭৭ |
| মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর | ৬৬০.০০ | ৭৮.০৬ | ১১.৮৩ |
| বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনষ্টিটিউট | ৪৫৪২.০০ | ৫৪৮.৪৪ | ১২.০৭ |
| বাংলাদেশ মৎস্য গবেষণা ইনষ্টিটিউট | ৪৫৫৬.০০ | ২৯০.৩৫ | ৬.৩৭ |
| বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল | ১৭০.০০ | ১৪.১০ | ৮.২৯ |
| **সর্বমোট (পরিচালন)** | **১৮৯৪৩০.০৪** | **১৬৯২৯.৩১** | **৮.৯৪** |

**সিদ্ধান্তসমূহ:**

আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক) এমটিবিএফ এর নির্দেশনা অনুযায়ী পরিচালন ব্যয় ও রাজস্ব আয় ব্যবস্থাপনা ত্রৈমাসিক ভিত্তিতে মনিটরিং করতে হবে;

খ) Medium Term Budget Framework (MTBF) এর সাথে Annual Performance Agreement (APA) এবং Procurement Plan সমন্বয় করতে হবে;

গ) মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অধীন অধিদপ্তর/ দপ্তর/ সংস্থা/ প্রতিষ্ঠানের অনুকূলে পরিচালন বাজেটে বরাদ্দকৃত অর্থের বিভাজন, ব্যয়, বাজেট বাস্তবায়ন, পরিবীক্ষন ও মূল্যায়ন আর্থিক বিধি-বিধান অনুযায়ী করা হয়েছে কিনা তা যাচাই করার জন্য প্রয়োজনে ফিল্ড ভিজিট করতে হবে;

ঘ) দপ্তর/সংস্থার বরাদ্দকৃত অর্থ বছরের যথা সময়ে ফিল্ড লেভেলে ছাড় করতে হবে;

ঙ) অর্থবছরের শেষে অতিরিক্ত চাহিদা/পুন:উপযোজন পরিহার করার লক্ষ্যে সংস্থাসমূহের যে সকল ব্যয় অত্যাবশ্যক (খামারের পশু/মৎস্য খাদ্য, ঔষধ, টিকা) তার প্রকৃত চাহিদা অর্থবছরের শুরুতেই প্রেরণ করতে হবে;

চ) আর্থিক শৃঙ্খলা বজায় রাখার লক্ষ্যে বিধি-বিধানের আলোকে ব্যয় প্রক্রিয়া অনুসরণ করতে হবে এবং

ছ) কোন প্রকার আর্থিক অনিয়ম পরিলক্ষিত হলে এ বিষয়ে আইনানুগ কার্যক্রম গ্রহণের জন্য বাজেট ব্যবস্থাপনা কমিটি (বিএমসি) সভায় উপস্থাপন করতে হবে।

৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

নীলুফা আক্তার
অতিরিক্ত সচিব (বাজেট ও নিরীক্ষা)
ও
সভাপতি, অর্থনৈতিক মনিটরিং কমিটি

# মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ০৯/০৯/২০২৪ তারিখে অনুষ্ঠিত অর্থনৈতিক মনিটরিং কমিটির সভার উপস্থিতি

| ক্র: নং | কর্মকর্তার নাম ও পদবী | অফিসের নাম | মোবাইল ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | ডা. এ. বি. এম. [illegible] পরিচালক, হিসাব, বাজেট ও নীতি [illegible] | ডিএলএস budget@dls.gov.bd | 02228-266600 | [signature] ৯/৯/২৪ |
| ২. | সাইফুল ইসলাম সহকারী পরিচালক | মৎস্য অধিদপ্তর | 01912-420655 saifulbau_85@yahoo.com | [signature] ০৯/৯/24 |
| ৩. | ড. মোঃ আব্দুস ছালাম উপসচিব | MOFL | 01717217920 dsdr.salam@gmail.com | [signature] ০৯/০৯/2024 |
| ৪. | মোহাম্মদ [illegible] উপসচিব | MoFL | 01716667768 | [signature] |
| ৫. | ড. এ.বি.এম মুস্তানুর রহমান প্রধান [illegible] | BLRI | 01711069508 | [signature] ৯/৯/২৪ |
| ৬. | মোঃ [illegible] হিসাবরক্ষণ কর্মকর্তা | বিএফডিসি | 01718653092 | [signature] ৯/৯/24 |
| ৭. | মোঃ- নুরুল ইসলাম মোল্লা একাউনটেন্ট | মেরিন ফিসারিজ একাডেমি | 01818637447 | [signature] 09-09-2024 |
| ৮. | ড. মো. [illegible] | FLID | 01712-561383 | [signature] 09/09/2024 |
| ৯. | ডা. [illegible] বিশ্বাস [illegible] (চ.দা.) | BVC | 01715454677 | [signature] 09.09.24 |
| ১০. | মো: জাহিদুর রহমান [illegible] হিসাব রক্ষন কর্মকর্তা | মন্ত্রনালয় | 01714670989 | [signature] 09.09.24 |